The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা
উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 831 | 16 August 2024 | শুক্রবার ১ ভাদ্র ১৪৩১



Democrat 'Squad' Member Ilhan Omar survives >> Page 24

LeFrak City has the most evictions in NYC >> Page 25





Queens Borough President hosts hearing on City of Yes for Housing Opportunity >> Page 24

'We're one family, no room for division' >> Page 25



# হত্যা মামলার আসামি শেখ হাসিনা

মনোয়ারুল ইসলাম, *নিউইয়র্ক* ও মাসুদ করিম *ঢাকা থেকে*

আর্ন্তজাতিক অপরাধ টাইবুনালের আসামী হচ্ছেন সাবেক প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা। গত ৫ আগষ্ট ছাত্রজনতার আন্দোলেন মুখে পদত্যাগ করেন তিনি। ঐদিন বাংলাদেশ ত্যাগ করে ভারতে আশ্রয় নিয়েছেন। অর্ন্তবর্তকালীন সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেছেন, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানসহ নয় জন এবং সংগঠন হিসেবে আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের বিরুদ্ধে গণহত্যা এবং মানবতাবিরোধী অপরাধের অভিযোগে তদন্ত চেয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে আবেদন করা হয়েছে। এদিকে বাংলাদেশে কোটা সংস্কার আন্দোলনের সময় হত্যাকাণ্ডের তদন্ত করতে দল পাঠাবে জাতিসংঘ। অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে জাতিসংঘের মানবাধিকার বিষয়ক প্রধান ভলকার তুর্ক এ কথা জানিয়েছেন বলে তার প্রেস সচিব জানিয়েছেন।

## জাতিসংঘ হত্যাকান্ডের তদন্তে ঢাকায় যাচ্ছে

কোটা সংস্কার আন্দোলনের সময় মিরপুরে কলেজ শিক্ষার্থী ফয়জুল ইসলাম রাজনকে হত্যার অভিযোগে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ২৪ জনের বিরুদ্ধে হত্যা মামলা করা হয়েছে। এ নিয়ে শেখ হাসিনাসহ আওয়ামী লীগের মন্ত্রী -এমপিদের বিরুদ্ধে মোট তিনটি মামলা করা হয়েছে। এর মধ্যে দুইটি হত্যা মামলা এবং একটি অপহরণ মামলা।

এদিকে ভারতে বসে শেখ হাসিনা বিবৃতি দিলে সম্পর্কের ক্ষতি হবে বলে মন্তব্য করেছেনপররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন। ভারতে অবস্থানরত শেখ হাসিনা বিবৃতি দিলে সম্পর্কের ক্ষতি হবে বলে ভারতীয় হাইকমিশনারকে জানিয়েছেন তিনি। পররাষ্ট্র মন্ত্রণালয়ে বিকেলে ভারত, চীন, যুক্তরাষ্ট্র, ইউরোপীয় ইউনিয়ন, যুক্তরাজ্যসহ বিভিন্ন দেশের কূটনীতিকের সঙ্গে বৈঠক শেষে এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এ কথা জানান পররাষ্ট্র

এরপর ২০ পৃষ্ঠায়



মন্তব্য প্রতিবেদন

## পরিবর্তিত বাংলাদেশ উদ্বেগ বাড়ছে



হাসান ফেরদৌস

বাংলাদেশে আওয়ামি লিগ সরকারের পতনের পর স্বাভাবিকভাবেই অস্থিরতা ও বিশৃঙ্খলা দেখা দিয়েছে। কোথাও কোথাও লুটপাটের ঘটনা ঘটেছে, সংখ্যালঘুরা আক্রান্ত

এরপর ২৬ পৃষ্ঠায়

৭ সেপ্টেম্বর পথ মেলা

## ঐক্যের বন্ধনে জেবিবিএ

আজকাল রিপোর্ট

দীর্ঘদিনের বিভেদ ভুলে এক হতে যাচ্ছে নিউইয়র্কে বাংলাদেশি ব্যবসায়ীদের সবচয়ে সংগঠন জ্যাকসন হাইটস বাংলাদেশি বিজনেস এসোসিয়েশন (জেবিবিএ)।



ঐক্যের প্রচেষ্টা হিসাবে সংগঠনটির বিরাজমান দুই পক্ষের যৌথ উদ্যোগে আগামী ৭ সেপ্টেম্বর জ্যাকসন হাইটসে পথ মেলার ঘোষণাও দেয়া হয়েছে। এর পর বসে সংগঠনের দুই পক্ষের ভেদাভেদ ভুলে একই প্লাটফর্মের অধীনে কাজ করার হবে।

মঙ্গলবার জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে আয়োজিত অনুষ্ঠানে এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন সংগঠনটির নেতারা। অনুষ্ঠানে সংগঠনের সাবেক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

বর্তমানে দুই ভাগে বিভক্ত জেবিবিএ। একটির নেতৃত্বে রয়েছেন হারুণ ভুইয়া ও ফাহাদ সোলায়মান। আরেকটি সংগঠনের নেতৃত্বে রয়েছেন গিয়াস আহমেদ ও তারেক হাসান খান। এর বাইরে মাহবুবুর

এরপর ৪১ পৃষ্ঠায়

বাইডেনের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকের সম্ভাবনা

## ২২ সেপ্টেম্বর জাতিসংঘে আসছেন ড. ইউনূস



ঢাকা অফিস

জাতিসংঘের সাধারন পরিষদের অধিবেশনে যোগ দিচ্ছেন অর্ন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। বাংলাদেশে নিযুক্ত জাতিসংঘের আবাসিক

এরপর ২০ পৃষ্ঠায়

## ডিবি হারুনের মালিকানায় 'প্রেসিডেন্ট রিসোর্ট'



ঢাকা ডেস্ক

মোহাম্মদ হারুন অর রশীদ। পুলিশের এক আলোচিত সমালোচিত চরিত্র। ২০তম বিসিএসের মাধ্যমে ২০০০ সালে মুক্তিযোদ্ধা কোটায় পুলিশ বিভাগে চাকরি নেন। কিন্তু তার বাবা মো. হাসিদ ভূঁইয়া মুক্তিযোদ্ধা ছিলেন না। ১৯৯৬ সালের ১২ই জুনের নির্বাচনের মাধ্যমে আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর মুক্তিযোদ্ধা হিসাবে তার নাম অন্তর্ভুক্ত করা হয়। জাতীয় সংসদের তৎকালীন ডেপুটি স্পিকার মো. আবদুল হামিদের প্রভাবে মুক্তিযোদ্ধা তালিকায় জায়গা পান তিনি।

এরপর ২০ পৃষ্ঠায়

## বাংলাদেশে ভারতের হস্তক্ষেপ চাইলেন জয়




আজকাল রিপোর্ট

সাবেক প্রধারমন্ত্রী শেখ হাসিনার ছেলে সজীব ওয়াজেদ জয় বাংলাদেশের ভবিষ্যৎ নির্বাচন নিয়ে সরাসরি ভারতের হস্তক্ষেপ কামনা করলেন। আহবান জানালেন, আগামী ৯০ দিনের মধ্যে

এরপর ২০ পৃষ্ঠায়

## ১০ দিনের রিমান্ডে আনিস-সালমান





ঢাকা ডেস্ক

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান এফ রহমান এবং সাবেক আইনমন্ত্রী আনিসুল হক গ্রেফতার হয়েছেন। মঙ্গলবার রাজধানীর সদরঘাট এলাকায় নৌকা থেকে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারের পর ওইদিন রাতে তাদের দুজনকে নেওয়া হয় রাজধানীর মিন্টু রোডে অবস্থিত ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা বিভাগের (ডিবি) কার্যালয়ে। বুধবার আদালতে তাদের ১০ দিন করে রিমান্ড মঞ্জুর করা হয়।

এরপর ২৬ পৃষ্ঠায়

## রাষ্ট্রদূত ইমরানকে প্রত্যাহার



আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরানকে প্রত্যাহার করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে তাকে দেশে ফিরতে পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে নির্দেশ দেওয়া হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগের মহাপরিচালক ডি. এম. সালাহ উদ্দিন মাহমুদ

এরপর ২৬ পৃষ্ঠায়

MHC MARKS HOME CARE
'মার্কস্ হোম কেয়ার'-এর বিজ্ঞাপন দেখুন ২ ও ৬৩ পৃষ্ঠায়
সঠিক হোম কেয়ারের সেবা পেতে ফোন করুন-718 697 7717

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42. 72nd St. Suite#1D. Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED
President & CEO

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

MHC

# Marks Home Care

## মার্কস্ হোম কেয়ার



আমরা নূতন গ্রাহক এবং
এজেন্সী ট্রান্সফার সাদরে গ্রহণ করছি।

**We Welcome Agency Transfers and New Clients.**

- ✔ প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- ✔ প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

বিস্তারিত জানতে কল করুন

## 718-734-8777

E-mail : info@markshhc.com | www.markshhc.com

**Bronx**
- 1232 Virginia Ave Bronx, NY 10472
- 1514 Castle Hill Ave Bronx, NY 10462
- 2002 Mcgraw Ave Bronx, NY 10462
- 721 E Tremont Ave Bronx, NY 10457

**Brooklyn**
- 219 Church Ave Brooklyn, NY 11218
- 1208 Liberty Ave Brooklyn, NY 11208
- 1122 Coney Island Ave Suite 220 (2nd Fl.) Brooklyn, NY 11230
- 1104 Liberty Ave Brooklyn, NY 11208
- 6910 5th Ave (2nd Fl.) Brooklyn NY 11209
- 1061 Flatbush Ave Brooklyn NY 11226

**Hicksville**
- 217 Bethpage Road Hicksville, NY 11801

**Binghamton**
- 61 Washington Ave Endicott, NY 13760

**Queens**
- 40-04 Junction Blvd Corona, NY 11368
- 37-20 74th Street Jackson Heights, NY 11372
- 148-37 Hillside Ave Jamaica, NY 11435

**Rochester**
- 504 W Main St Rochester, NY 14608

**Manhattan**
- 1791 Lexington Ave New York, NY 10029
- 1267 St Nicholas Ave New York, NY 10033

**Buffalo**
- 1049 Broadway St. Suite # 4 Buffalo, NY 14212
- 96 Grant St. Buffalo. NY 14213

* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক

**Queens Social Adult Day Care Center Inc**



Captain Mahfuzul Haque



## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

**We speak**
**Spanish, Urdu, Hindi & Arabic**







আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

**1217 Liberty Avenue, Brooklyn, NY 11208**

# অগ্নিপরীক্ষায় বাংলাদেশ-ভারত সম্পর্ক

আলতাফ পারভেজ

প্রধানমন্ত্রী হিসেবে শেখ হাসিনা বহুবার ভারতে গিয়েছেন। ব্যাপক সংবর্ধনা পেয়েছেন। কিন্তু এবারের যাওয়ার তাৎপর্য ও প্রতিক্রিয়া উভয় পক্ষের জন্য ভিন্ন। বাংলাদেশের জুলাই-আগস্টের রাজনৈতিক পটপরিবর্তনের বড় একটা ছাপ পড়েছে ভারতের সঙ্গে তার দ্বিপক্ষীয় সম্পর্কে। যেহেতু ভারত বড় প্রতিবেশী, ফলে সম্পর্কের চলতি টানাপোড়েন বাংলাদেশের দিক থেকেও গুরুত্বের সঙ্গে মনোযোগ পাচ্ছে। আছে উদ্বেগ-উৎকণ্ঠাও। প্রশ্ন উঠেছে, কীভাবে এ অবস্থা থেকে এই সম্পর্ককে আবার স্বাভাবিক ও সমমর্যাদার সঙ্গে এগিয়ে নেওয়া যায়, যা উভয়ের জন্য প্রয়োজন।

শেখ হাসিনার ভারতে পৌঁছানো থেকে সম্পর্কের নয়া অধ্যায় দুই প্রতিবেশীর সম্পর্কে মধুচন্দ্রিমা চলছিল দীর্ঘ দেড় দশক ধরে। এরপর এল চলতি ঘটনাপ্রবাহ। প্রধানমন্ত্রী হিসেবে শেখ হাসিনা ৫ আগস্ট ছাত্র-জনতার আন্দোলনের মুখে পদত্যাগ করলেন এবং আরও কয়েকজন সহযোগী-সহযাত্রীসহ গেলেন ভারতে। এর মধ্য দিয়ে ভারত বাংলাদেশের রাজনীতির নতুন অধ্যায়ে জড়াল।

প্রধানমন্ত্রী হিসেবে শেখ হাসিনা বহুবার ভারতে গিয়েছেন। ব্যাপক সংবর্ধনা পেয়েছেন। কিন্তু এবারের যাওয়ার তাৎপর্য ও প্রতিক্রিয়া উভয় পক্ষের জন্য ভিন্ন।

শেখ হাসিনার ভারতের আশ্রয় নেওয়া বা ভারত কর্তৃক তাঁকে নিরাপত্তা দেওয়া বাংলাদেশে ইতিমধ্যে বিশেষ মনোযোগ পাচ্ছে। যদিও ভারতের দিক থেকে এমনও বলা হচ্ছে, তাদের 'অপ্রস্তুত' অবস্থায় এই 'আশ্রয়' দিতে হয়েছে। কিন্তু এটা নয়াদিল্লিতে স্পষ্ট নয়-বাংলাদেশ আওয়ামী লীগের সভানেত্রীকে ভারতীয় প্রশাসন 'শরণার্থী' হিসেবে আশ্রয় দিয়েছে নাকি অন্য কোন মর্যাদায় সেটা ঘটেছে। ভারতের স্পষ্ট কোনো শরণার্থী নীতি বা আইন নেই। যখন যে আশ্রয় পায়, সেটা রাজনৈতিক বিবেচনা থেকেই ঘটে।

বাংলাদেশের পরিস্থিতি বিজেপিকে বেকায়দায় ফেলতে পারে শেখ হাসিনা ভারতের চলে যাওয়ার পর তাঁর পরিবারের কোন কোন সদস্য এবং তাঁর দলের বিভিন্নজনের অসন্তুষ্ট প্রতিক্রিয়া প্রকাশ পাচ্ছে বিভিন্ন প্রচারমাধ্যমে। তাঁরা পরিবর্তনকে মেনে নিচ্ছেন না। নানান প্রতিপক্ষকে দোষারোপ করছেন। এসব অস্বাভাবিক নয়।

বিশ্ব ইতিহাসে ক্ষমতাচ্যুত কেউই তাৎক্ষণিকভাবে অসহায় অবস্থা মেনে নিতে পারেননি বা বাস্তবতা বুঝতে চাননি। কিন্তু ভারত কি এখনো আওয়ামী লীগের সেসব বক্তব্যের দিকেই ঝুঁকে থাকবে কি না, কূটনীতির অঙ্গনে সে প্রশ্ন উঠেছে। ইতিমধ্যে কূটনৈতিক পরিমণ্ডলে ভারতের শেখ হাসিনা-নীতি নিয়েও বিস্ময় তৈরি হয়েছে। অনেকের প্রশ্ন-কীভাবে এবং কেন তারা এত দীর্ঘ সময় এমন একটা দল ও সরকারকে মদদ দিয়ে গেছে, যারা জনগণের কাছে এত অজনপ্রিয় ছিল।

ভারতের বাংলাদেশ-নীতিই এই বিপর্যয় তৈরি করেছে কি না, সেই প্রশ্নও আছে মাঠে। বিশেষ করে, দীর্ঘ ১৫ বছরের আওয়ামী শাসনে নয়াদিল্লি তাদের বহু চাওয়া হাসিনা সরকার দিয়ে পূরণ করে নিলেও তিস্তার পানিসহ এদিকের জনগণের নানান চাওয়া যথাযথ প্রতিদান পায়নি। এতে সরকারের অজনপ্রিয়তার কফিনে নতুন নতুন পেরেক পড়েছে কেবল।



মণিপুর ও মিয়ানমারে যেভাবে সহিংসতা ও উত্তেজনা চলছে, তাতে বাংলাদেশ-ভারত কূটনীতিক দূরত্ব এ অঞ্চলের ভূরাজনীতিতে বাড়তি জটিলতাই কেবল বাড়াবে। তবে পাঁচ দশক পেরোনো অভিজ্ঞতা বলছে, সম্পর্ক সমমর্যাদা এবং অপরের অভ্যন্তরীণ বিষয়ে নাক না গলানোর নীতিভিত্তিক হলেই কেবল সেটা টেকসই হতে পারে।

মাঠপর্যায়ের এসব বাস্তবতা সম্পর্কে ভারত কূটনীতিক ও গোয়েন্দা সূত্র সঠিকভাবে অবহিত ছিল কি না, সে সন্দেহ ইতিমধ্যে উঠেছে। বিষয়টি ভারতের গোয়েন্দা কাঠামো ও কূটনীতিক টিমের দিক থেকে ব্যর্থতা নাকি একগুঁয়েমি, সে কথাও ভারতের প্রচারমাধ্যম এখন খতিয়ে দেখছে। নয়াদিল্লিতে অনেকেই তর্ক না করে এটা মানছেন-ঢাকায় তাদের 'বিপত্তি' ঘটেছে।

বিজেপিবিরোধীরা এই 'বিপত্তি'কে মোদি সরকারের ব্যর্থতা হিসেবেও প্রচারে আনতে পারেন বলে ইঙ্গিত মিলছে। ইতিমধ্যে লোকসভায় কংগ্রেসের মনীশ তেওয়ারি বাংলাদেশ পরিস্থিতি নিয়ে সরকারের কাছে বিবৃতি চেয়ে নোটিশ দিয়েছেন। শিবসেনার প্রিয়াঙ্কা চতুর্বেদী শেখ হাসিনার পদত্যাগের দিনই দ্য হিন্দু পত্রিকায় তাঁর প্রতিক্রিয়ায় 'বাংলাদেশের ঘটনাবলিকে ভারতের ভূরাজনৈতিক স্বার্থের দিক থেকে খারাপ নজির' হিসেবে উল্লেখ করেন।

ভারতের জাতীয় রাজনীতির এসব পাল্টাপাল্টি হিসাবের বাইরে সেখানকার স্বাধীন বিশ্লেষকেরা অনেকে এ-ও প্রশ্ন করছেন, অজনপ্রিয়তা, প্রতিবাদ এবং নির্মম হত্যাযজ্ঞের ভেতর যে সরকারের পতন হলো, তার প্রতি সহানুভূতি দেখিয়ে ভারত বাংলাদেশের পরিবর্তনকামী জনতাকে কী বার্তা দিতে চাইছে? দীর্ঘমেয়াদি কূটনীতিক বিবেচনায় ভারতের জন্য এসব কতটা বুদ্ধিদৃপ্ত সিদ্ধান্ত হচ্ছে? এই পুরোনো ভুলগুলো শোধরানোর বদলে বাড়িয়ে তুলবে কি না?

কূটনীতিতে বাংলাদেশের নতুন সরকারও চ্যালেঞ্জের মুখে

শেখ হাসিনার ভারতে আশ্রয় গ্রহণের পর বাংলাদেশে ইতিমধ্যে পুরোনো সংসদ ভেঙে দেওয়া হয়েছে এবং নোবেল পুরস্কারজয়ী ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তীকালীন সরকার ক্ষমতায় এরপর ৪৪ পৃষ্ঠায়



> এ নিয়ে হাল ছাড়ারও সুযোগ নেই। উভয় দিকের এ রকম বাস্তবতার মধ্যে ৯ আগস্ট ভারতীয় প্রধানমন্ত্রী যে বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টাকে শুভেচ্ছা জানালেন, সেটা একটা ভালো লক্ষণ। ভবিষ্যৎ ঘটনাবলি এই পারস্পরিক শুভকামনার আলোকেই এগোবে বলে সবার প্রত্যাশা। কারণ, বাংলাদেশ-ভারত সুসম্পর্ক পুরো দক্ষিণ এশিয়ার নিরাপত্তার জন্য দরকারি। মণিপুর ও মিয়ানমারে যেভাবে সহিংসতা ও উত্তেজনা চলছে, তাতে বাংলাদেশ-ভারত কূটনীতিক দূরত্ব এ অঞ্চলের ভূরাজনীতিতে বাড়তি জটিলতাই কেবল বাড়াবে। তবে পাঁচ দশক পেরোনো অভিজ্ঞতা বলছে, সম্পর্ক সমমর্যাদা এবং অপরের অভ্যন্তরীণ বিষয়ে নাক না গলানোর নীতিভিত্তিক হলেই কেবল সেটা টেকসই হতে পারে

# প্রশাসক হওয়ার একমাত্র স্বপ্ন থেকে তরুণেরা মুক্তি পাক

> প্রচলিত পেশাগত সাফল্যের সংজ্ঞা সংস্কার করে সাফল্যের নতুন সংজ্ঞা নির্ধারণ আর প্রচার করা জরুরি। কর্মসংস্থানের বিকল্প পথে তরুণদের এগিয়ে নিতে প্রয়োজন ব্যাপক প্রস্তুতি ও বিনিয়োগ। শুরু করেছিলাম ড. সৈয়দ মনজুরুল ইসলামের উক্তি দিয়ে। শেষও করতে চাই তাঁর সাম্প্রতিক আরেকটি উক্তি দিয়ে। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময়ে প্রথম আলোকে দেওয়া আরেকটি সাক্ষাৎকারে তিনি ছাত্র আন্দোলনের দাবির সঙ্গে একাত্মতা প্রকাশ করে বলেন, 'রাষ্ট্র মেরামতের সুযোগ আবার এসেছে। এখন সবাইকে অনুরোধ করব, এটি কাজে লাগান।' আমরা সেই রাষ্ট্র মেরামতের পথ চেয়ে বসে আছি: যেখানে প্রতিটি তরুণ নিজের মেধা ও যোগ্যতা অনুযায়ী বিভিন্ন পেশায় সফল হিসেবে নিজেকে খুঁজে পাবেন আর সম্মানের সঙ্গে ভবিষ্যতের পথে এগিয়ে যাবেন

নিশাত সুলতানা

২০২২ সালের শুরুতে বাংলাদেশের শিক্ষার সার্বিক চিত্র নিয়ে প্রকাশিত এক সাক্ষাৎকারে বিশিষ্ট শিক্ষাবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম বলেছিলেন, 'দেশে কোনো বিজ্ঞানী নেই, গবেষক নেই, দার্শনিক নেই। যেদিকে তাকাবেন, শুধুই প্রশাসক।' আমলাতান্ত্রিকতার ভারে ক্ষয়ে যাওয়া সেই সময়ে তাঁর এই সাহসী মন্তব্য মিডিয়াতে দারুণ সাড়া ফেলেছিল।



সম্প্রতি বিসিএসসহ বিভিন্ন সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিকে কেন্দ্র করে শুরু হওয়া আন্দোলনের চরম পরিণতির সাক্ষী হয়েছি আমরা। সাম্প্রতিক বছরগুলোতে তরুণ প্রজন্মের বিসিএস-জ্বর ক্রমেই মহামারিতে রূপ নিচ্ছিল। প্রতিবছর জ্যামিতিক হারে বাড়ছিল বিসিএস পরীক্ষায় অংশগ্রহণকারীর সংখ্যা।

মনে পড়ে, ২০২২ সালে পরিসংখ্যান সংরক্ষণের ওয়েবসাইট ওয়ার্ল্ডোমিটারস জানিয়েছিল এক ভয়ংকর তথ্য। তারা বলেছিল, ৪৫তম বিসিএস পরীক্ষায় আবেদনকারীর সংখ্যা ছিল পৃথিবীর ৫৪টি দেশ ও অঞ্চলের জনসংখ্যার চেয়ে বেশি। সাম্প্রতিক বছরগুলোতে বিসিএস পরীক্ষায় আবেদনকারীর সংখ্যা ছিল গড়পড়তায় প্রায় একই রকম।

আমরা সেই রাষ্ট্র মেরামতের পথ চেয়ে বসে আছি: যেখানে প্রতিটি তরুণ নিজের মেধা ও যোগ্যতা অনুযায়ী বিভিন্ন পেশায় সফল হিসেবে নিজেকে খুঁজে পাবেন আর সম্মানের সঙ্গে ভবিষ্যতের পথে এগিয়ে যাবেন।

বিশ্লেষণ করলে যা পাওয়া যায়, তা হলো প্রতিবছর প্রায় ১০০ জন আবেদনকারীর বিপরীতে ১ জন সৌভাগ্যবান ব্যক্তি বিসিএস চাকরিতে নিয়োগপ্রাপ্ত হন। সেখানেও ছিল কোটাভিত্তিক নিয়োগপ্রাপ্তির জটিল হিসাব-নিকাশ।

প্রতিবছর গড়ে ৯৯ শতাংশ প্রার্থীই স্বপ্নভঙ্গের বেদনা নিয়ে কর্মবাজারে হাজির হন। তাঁদের মধ্যে আবার উল্লেখযোগ্য একটি অংশ সরকারি চাকরির বয়স উত্তীর্ণ না হওয়া পর্যন্ত প্রতিবছর বিসিএস পরীক্ষায় অংশ নিতেই থাকেন। অন্য কোনো বিকল্প চিন্তাভাবনা তাঁদের মাথাতে আসেই না। বিসিএস নামক মরীচিকার পেছনে ছুটতে ছুটতে তারুণ্যের উৎপাদনশীল বছরগুলোর অপমৃত্যু ঘটে।

সরকারি চাকরি নিয়ে তরুণদের অতিরিক্ত উন্মাদনা অবাক করে আমাকে। দুর্নীতিতে আপাদমস্তক ছেয়ে যাওয়া একটি দেশের প্রজাতন্ত্রের কর্মচারী হওয়া কি এতটাই সুখকর? তবে কোন হতাশা থেকে তরুণ প্রজন্ম বছরের পর বছর একমাত্র সরকারি চাকরিকেই নিশ্চিত ভবিষ্যৎ জ্ঞান করেছে, সেটি আমাদের অজানা থাকার কথা নয়।



সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সীমাহীন ক্ষমতা; আর তাঁদের গড়ে তোলা সম্পদের পাহাড় তরুণ প্রজন্মকে হাতছানি দিয়ে ডেকেছে। সম্পদের জাঁকজমক আর ক্ষমতার স্বপ্নের কাছে নিরুপায় আত্মসমর্পণ করেছেন তাঁরা। মেডিকেল কলেজ কিংবা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে পড়েও তরুণেরা তাই প্রশাসক হতে চেয়েছেন; আর তাই হচ্ছে।

তবে আজ সময়ের পরিবর্তন হয়েছে। আর সে পরিবর্তনের নেপথ্যে কাজ করেছেন তরুণেরাই। সরকারি চাকরিলাভের ক্ষেত্রে বৈষম্যমূলক কোটা পরিবর্তনের দাবি থেকে শুরু হওয়া তরুণদের আন্দোলন একসময় রূপ নিয়েছে বিভিন্ন বৈষম্যের বিরুদ্ধে আপসহীন এক গণ-আন্দোলনে। তাঁদের সেই সংগ্রাম অনেক আত্মত্যাগের বিনিময়ে সফলও হয়েছে। আজ আমরা বৈষম্যহীন এক নতুন দেশ গড়ার স্বপ্নে বিভোর। আর আমাদের সেই স্বপ্ন দেখাচ্ছেন তরুণেরাই। বদলে যাওয়া আর বদলে দেওয়ার এই যুগসন্ধিক্ষণে আজ সময় হয়েছে সরকারি চাকরির বিকল্প সম্ভাবনাগুলো তরুণদের সামনে অবারিত করার।

সরকারি চাকরিই তরুণদের জীবনের একমাত্র গন্তব্য নয়, হতে পারে না। তীব্র প্রতিযোগিতামূলক সরকারি চাকরির নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার বিষয়টি অবশ্যই কৃতিত্বের দাবি রাখে। তাই বলে বিসিএসে উত্তীর্ণ হলেই তাঁরা সফল-এ ধরনের চিন্তাভাবনা ও প্রচার-প্রচারণাগুলো বন্ধ করতে হবে। বর্তমান অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদে নিয়োগ পাওয়া বৈষম্যহীন ছাত্র আন্দোলনের দুজন সমন্বয়কারীকে অন্তর্ভুক্ত করার বিষয়টি অত্যন্ত সাহসী একটি সিদ্ধান্ত, যা প্রশংসার দাবি রাখে।

তরুণ এই উপদেষ্টাদের জন্য এ এক অনন্য সুযোগ: যা প্রমাণ করতে পারে প্রতিশ্রুতি, সততা, নিষ্ঠা, আন্তরিকতা থাকলে বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ না হয়েও রাষ্ট্রের ইতিবাচক পরিবর্তনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা যায়, জাতিকে আলোর পথ দেখানো যায়। তাঁরা উদাহরণ হয়ে উঠতে পারেন তরুণ প্রজন্মের কাছে। পেশাগত জীবনের সাফল্য কখনোই নির্দিষ্ট কিছু চাকরির মানদণ্ডে সীমাবদ্ধ হতে পারে না। মানুষ তার পরিশ্রম ও আন্তরিকতা দিয়ে জয় করতে পারে অভিজ্ঞতার ঝুলি থাকার বাধ্যবাধকতার বাক্সবন্দী চিন্তাভাবনাকে। যোগ্যতা অনুযায়ী চাকরিতে সুযোগপ্রাপ্তির বিষয়টি ব্যক্তির বিকশিত হওয়ার সম্ভাবনার পথটি অবারিত করে।

কিন্তু পেশাগত জীবনের সাফল্যের মানদণ্ডটি হওয়া উচিত কর্মক্ষেত্রে ব্যক্তির প্রকৃত অবদান। সেই পেশা হতে পারে একজন কৃষিজীবীর, মজুরের, শিক্ষকের, বিজ্ঞানীর, চিকিৎসকের, সরকারি কর্মকর্তার কিংবা ক্ষুদ্র উদ্যোক্তার। বর্তমান বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ও নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূস তাঁর এক বক্তব্যে বলেছেন, 'চাকরির পেছনে ছোটা নয়; বরং নিজেকেই উপার্জনের পথ সৃষ্টির স্রষ্টা হয়ে উঠতে হবে।'

প্রচলিত পেশাগত সাফল্যের সংজ্ঞা সংস্কার করে সাফল্যের নতুন সংজ্ঞা নির্ধারণ আর প্রচার করা জরুরি। কর্মসংস্থানের বিকল্প পথে তরুণদের এগিয়ে নিতে এরপর ৩৮ পৃষ্ঠায়

COPY & PRINT CENTER

# NOOR PRINTING INC.

172-33 Hillside Ave Jamaica NY 11432

**Tel: 347-233-2227**

noorprintinginc@gmail.com | noorprintinginc.com

OPEN HOURS MON-FRI: 10AM-8PM | SAT-SUN: 11AM-7PM

Business Card
Flyer/Postcard
Restaurant Menu
Invitation Card
Receipt Book
Passport Photo

Banner/Poster
Stand Banner
Sticker/Decal
Sidewalk Sign
Real Estate Sign
Calendar

Photocopy
Scan/Fax/Email
Laminating/Binding
Rubber Stamp
Mug Print
T-Shirt Print

নূর প্রিন্টিং এর

# ১ম বর্ষপূর্তি

উপলক্ষে সবাইকে জানাই
আন্তরিক সালাম ও শুভেচ্ছা

১লা জুলাই ২০২৪ থেকে আমরা
১৭২-৩৩ হিলসাইড এভিনিউ এ



WE ARE HERE
172-33

**Noor Alam Babu**
*Masters of Social Science, Printing Technologist*
President & Chief Designer




DULAL BEHEDO
CHAIRMAN
SAMSUL ALAM SOHAG
CO- CHAIRMAN
NURUL AZIM
CONVENOR
BELAL CHOUDHURY
CO - CONVENOR
SHAHEEN KABIR
PRESIDENT
ALAMGIR KHAN ALAM
MEMBER SECRETARY
প্রবাসে শিল্প সাহিত্য ও সাংস্কৃতিক ঐতিহ্য হোক
আমাদের নতুন কিছু করার প্রত্যয়
সেমিনার
কাব্য জলসা
রকমারি স্টল
সাংস্কৃতিক অনুষ্ঠান
ষষ্ঠ
বাংলাদেশ
সম্মেলন
BANGLADESH
CONVENTION
24TH & 25TH AUG 2024
SAT & SUN, 3PM-12AM
THE MARY LOUIS ACADEMY
176-21 WEXFORD TERRACE, JAMAICA, NY 11435
ORGANIZED BY
SHOWTIME MUSIC
FOR MORE INFO
646 546 6038


সৃষ্টিকর্তা সর্বশক্তিমান
জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইন্‌ক
JALALABAD ASSOCIATION OF AMERICA, INC.
মইনুল-আসাদ
পরিষদের সকলকে আন্তরিক
শুভেচ্ছা ও অভিনন্দন
মইনুল ইসলাম
সভাপতি
আতাউল গণি আসাদ
সাধারণ সম্পাদক
শাহ্ মিজানুর রহমান
সহ-সভাপতি
(সিলেট)
মোঃ মনির উদ্দিন
সহ-সভাপতি
(সুনামগঞ্জ)
মিজানুর রহমান চৌধুরী
সহ-সভাপতি
(হবিগঞ্জ)
মোঃ এ খায়ের
সহ-সভাপতি
(মৌলভীবাজার)
হেলিম উদ্দিন
সহ-সাধারণ সম্পাদক
ময়নু জামান চৌধুরী
কোষাধ্যক্ষ
আব্দুল চৌধুরী (উমেল)
সাংগঠনিক সম্পাদক
মোঃ শাহীনুল ইসলাম
সাদস্যিক সম্পাদক
মোঃ খলিলুর রহমান
প্রচার ও প্রকাশনা সম্পাদক
লায়েছ আহমেদ
দপ্তর সম্পাদক
কামরুল হোসেন
সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক
আব্দুর রহিম (কাদের)
ক্রীড়া সম্পাদক
অধ্যক্ষ সিহাব উদ্দিন আহমেদ
আইন ও আন্তর্জাতিক সম্পাদক
তাসমিয়া চৌধুরী
মহিলা বিষয়ক সম্পাদক
জয়নাল উদ্দিন লায়েক
সমাজ কল্যাণ সম্পাদক
মোঃ বেলাল চৌধুরী
কার্যকরী সদস্য (সিলেট)
বদরুল উদ্দিন
কার্যকরী সদস্য (সিলেট)
মোঃ শাহীন কামালী
কার্যকরী সদস্য (সুনামগঞ্জ)
সৈয়দ এল মিয়া
কার্যকরী সদস্য (সুনামগঞ্জ)
জামাল হোসেন
কার্যকরী সদস্য (হবিগঞ্জ)
দেওয়ান মোতাচ্ছির
কার্যকরী সদস্য (হবিগঞ্জ)
মোঃ মাসুক মিয়া
কার্যকরী সদস্য
(মৌলভীবাজার)
মোঃ নাসির উদ্দিন
কার্যকরী সদস্য
(মৌলভীবাজার)
প্রচারেঃ সর্বস্তরের জালালাবাদ বাসী

# আগে প্রয়োজন রাষ্ট্র ও সমাজ সংস্কার

বিদেশে পলাতকদেরও দেশে ফিরিয়ে আনার আইনগত ব্যবস্থা করা। তাদের বিচার না হলে সাধারণ মানুষের কাছে ভবিষ্যতে তা আইনহীনতার দৃষ্টান্ত হয়ে থাকবে। রাষ্ট্রের বড় বড় পদে দলবাজ, সুবিধাভোগী ও তোষামোদকারীরা বসে আছেন, দেশ লুটে খাচ্ছেন; তাদেরও বিচারের আওতায় আনতে হবে। অপরাধীর বিচারে আপন-পর বিবেচনা এবং কোনোরকম দলীয় পক্ষপাতিত্ব আমরা কেউ দেখতে চাই না, যদিও আইনহীনতা ও পক্ষপাতিত্ব এদেশের প্রতিষ্ঠিত সংস্কৃতি হয়ে দাঁড়িয়েছে। ভবিষ্যৎ জনকল্যাণকর রাষ্ট্র গড়ার জন্য এ ধরনের অপবাদ থেকে আমাদের বেরিয়ে আসতেই হবে। আমি সেই স্বাধীনতা যুদ্ধের পর থেকে বারবার আশাহত হয়ে এবার বেশি আশান্বিত না হওয়ার পক্ষপাতী। ভালোর জন্য অপেক্ষা করতে পারি

ড. হাসনান আহমেদ



গত ৫ আগস্ট ছাত্রছাত্রী ও সাধারণ মানুষের বিজয়োল্লাসের বাঁধভাঙা স্রোত সারা দিন ধরে দেখেছি। কারও আনন্দোল্লাসকে বিঘ্নিত করতে চাই না। চাই এদেশের বিজয়োল্লাসকে স্থায়িত্ব দিতে। আমি কবি নই। তবুও ছোটবেলায় একটা কবিতার পঙক্তি লিখেছিলাম এমন : 'একটুখানি খ্যাতি হলে খ্যাতির তারে নুয়ে, চলার পথে পিছলে পড়ে ঠেকায় মাথা ভুঁইয়ে'। বারবার এমনটিই হয়। তাই সময় থাকতে 'সাধু সাবধান'!

রাষ্ট্র ও সমাজ সংস্কারের কথা পতিত সরকারের সময়ে শত হুমকির মুখেও এ পত্রিকায়ই বারবার লিখেছি; আবারও লিখতে হচ্ছে। অনেকেই এ বিজয়কে দ্বিতীয় স্বাধীনতা, কেউবা দ্বিতীয় বিজয় দিবস বলে আখ্যায়িত করছেন। আমি কিন্তু এ আন্দোলনের বিজয়ে একটা সামাজিক ও রাষ্ট্রীয় বিপ্লবের সুগন্ধ খুঁজছি। দীর্ঘদিনের এত প্রাণের ও ত্যাগের বিনিময়ে অর্জিত এ বিজয়কে নিঃসন্দেহে বিপ্লব বলতে পারি। বিপ্লব দেশ ও সমাজে আমূল পজিটিভ পরিবর্তন আনে। এটাই বড় চাওয়া। শরতের প্রবল বৃষ্টি যেমন জমে থাকা আবর্জনা ও কর্দমাক্ত পরিবেশকে ধুয়ে-মুছে দিগন্তবিস্তৃত রোদ্দুর-করোজ্জ্বল আলোর ছটায় ঝকঝকে-তকতকে করে শুচিশুদ্ধ করে, এ অর্জন সেপথে ধেয়ে চলুক এটা এদেশের আপাতত নাগপাশমুক্ত দীর্ঘ-বছর লালিত মুক্তিকামী মানুষের প্রত্যাশা।

স্বাধীনতার পর থেকে বারবার বিজয়ের কথা আমরা মুখে মুখে অনেকবার বলেছি। কিন্তু বিজয়ের ফলে হাতে-পাওয়া মুক্তির আলোকমালা কেন জানি না বারবার হাত থেকে ফসকে গেছে। মুক্তিপিপাসু মনের একান্ত চাওয়া সুদূরপরাহত হয়ে গেছে। ভুগতে হয়েছে দেশ ও সমাজকে। আমাদের দেশ ও সামাজিক অবস্থা পেছাতে পেছাতে ক্রমেই অগণতান্ত্রিক মন-মানসিকতা, অমানবিকতা, ডাহা মিথ্যাচারিতা, লুটপাট ও অপকর্মের আখড়ায় পরিণত হয়েছে।

ছোটবেলায় গ্রামের পরিবেশে বিস্কুট খাব বলে মায়ের কাছে কান্নাকাটি করতাম। মা একটা বিস্কুট এক হাতে দিয়ে খেতে বলতেন। বিস্কুটটা দূরে ছুড়ে ফেলে দিয়ে আবারও কাঁদতাম, দুই হাতে দুটি বিস্কুট চাই। অবশেষে মা এসে ছুড়ে ফেলা বিস্কুটটা কুড়িয়ে এনে উলটো দিকে ঘুরে ওই বিস্কুটটাকে দুই ভাগ করে দুই হাতে দিয়ে চলে যেতেন। তখন দু'হাতে বিস্কুট পেয়ে আনন্দে আত্মহারা হয়ে উঠতাম। জটিল বুদ্ধিটা মাথায় খেলত না।




এখন জীবনের এই পড়ন্ত বিকালে এসে এদেশের 'অতি মহান' রাজনীতির মারপ্যাঁচ বুঝতে শিখেছি। শুধু অনুশোচনায় লিখে চলি : 'দিনগুলি আমার হারিয়ে গেল ঐ সুদূরের স্বপ্নালোকে, ব্যথিত তাই আমার এ হৃদয় হারালো সেই দিনের শোকে।' সমাজের কদাকার রূপ, প্রতারণা, মুখে মধু পেটে বিষ, শোষণের সব কৌশল, ভাঁওতাবাজি করে লুটপাট- সবই বোঝার ক্ষমতা বিধাতা এ সমাজের ভুক্তভোগীদের দিয়েছেন। এবার শুধু কথায় চিড়ে ভিজবে না, আমি কর্মে বিশ্বাসী হয়ে উঠেছি। কোনো দলের সামনের কাতারে গিয়ে অতি উৎসাহ দেখিয়ে দড়ি ধরে গলা ফাটিয়ে কারও পক্ষে স্লোগান হাঁকতেও আমি নারাজ। প্রতারণা, মিথ্যাচার বর্তমানে স্বার্থবাদী লোকের আদর্শ ও মূলনীতি। এই একটা কারণেই এদেশের মানুষ রাজনৈতিক নেতৃত্ব থেকে বারবার প্রতারিত হচ্ছে। আমরা সাধু হই না, স্বার্থের কারণে সাধু সাজি। কত হীন-স্বার্থপর লোক যে ভোল পালটে সবার সামনে সাধু সাজতে এখন আসবে, তাকিয়ে দেখলেই ঘৃণায় মনটা রি রি করে উঠবে।

আমি দেশ ও সমাজের পরিবর্তন চাই। অনেক হয়েছে, আর নয়। এক দলসহ চৌদ্দ দলের পতন নিশ্চিত হয়েছে। আরও শতেক দল আছে। আমি আমার লেখার মাধ্যমে দেশ ও সমাজের সংস্কারের দিকনির্দেশনা দিতে চাই। লিখিত সংস্কার চাই। দেশ ও সমাজ রাষ্ট্রব্যবস্থার ওপর নির্ভরশীল। তাই আগে রাষ্ট্রপরিচালনার নীতি পরিবর্তনের ও সংস্কারের কথা ভাবতে হবে। সংস্কারের এ সুযোগ এবার হাতছাড়া হয়ে গেলে দেশের স্থিতিশীলতা, উন্নতি ও স্বাধীনতা ভবিষ্যতে হুমকির মুখে পড়বে। আবার সেই পুরোনো খেলার পুনরাবৃত্তি হবে। এবার অন্তর্বর্তীকালীন সরকারের মেয়াদ কমপক্ষে ৫ বছর হোক এটা আমার চাওয়া।

এদেশের সব দলের রাজনীতিকদের অনেককেই আমি চিনি। প্রতিটি দলেই অল্প কিছু লোক এখনো ভালো আছেন। এছাড়া উপর থেকে তৃণমূল পর্যন্ত বেশিরভাগ নেতাকর্মীর রাজনীতিক হওয়ার উদ্দেশ্য জনসেবা ও দেশসেবা, আত্মত্যাগের জন্য আদৌ নয়। কথাটা আমার একটুও বাড়িয়ে বলা নয়। এ সমাজ যে পরিবর্তনযোগ্য নয়, আমি তা বিশ্বাস করি না। আমাদের এ ছাত্রসমাজকে দিয়ে দেশ ও সমাজ উন্নয়নের অনেক কিছু করার আশা আবার জেগেছে। প্রয়োজন সুস্থ ও সার্বজনীন উদ্দেশ্যভিত্তিক জবাবদিহি নেতৃত্ব। এই ছাত্রদেরকেই রামদা, কিরিচ, চাপাতি হাতে নিয়ে, কখনো পিটিয়ে অন্য ভাইকে প্রতিপক্ষ বানিয়ে হত্যা করার অনেক বাস্তব ঘটনা আমরা দেখেছি। আবার এদেরই একটা বড় অংশকে দেশের প্রয়োজনে, মানুষের প্রয়োজনে সাহায্যের ডালি হাতে নিয়ে এগিয়ে আসতে দেখেছি।

সামাজিক পরিবেশ কেমন হবে, তা সম্পূর্ণ নির্ভর করে বিভিন্ন রাজনৈতিক দলের মানসিকতার ওপর। আমাদের দেশে সব অন্যায়, দুর্বৃত্তায়ন, বিকৃত মানসিকতা ও অপকর্মের জননী দিগ্‌ভ্রষ্ট রাজনীতিকরা। এদের কোনো দায়বদ্ধতা, জবাবদিহিতা নেই,

এরপর ৪৫ পৃষ্ঠায়

# অন্তর্বর্তীকালীন সরকারের কাছে জনগণের প্রত্যাশা ও এই সরকারের মেয়াদ

জোহারা আখতার

বিখ্যাত অধ্যাপক রওনক জাহান তার লেখা "Bangladesh in 1972: Nation Building in a New State"-এ বলেছিলেন একটি সুসংহত রাষ্ট্র গঠনের জন্য দুইটি উপাদানের একই সঙ্গে সমন্বয় ঘটানো অত্যাবশ্যকীয়- ১. জাতি গঠন ও ২. রাষ্ট্র গঠন। জাতি গঠন মানে একটা ইনক্লুসিভ রাষ্ট্রীয় পরিচয় (রহপষঁংরাব ংঃধঃব রফবহঃরঃু) তৈরি করা। এই রাষ্ট্রীয় পরিচয় তৈরি করার মূল লক্ষ্য হলো জাতীয় ঐক্য তৈরি করা। যে পরিচয়ের মাধ্যমে রাষ্ট্রের সমস্ত জনগণ একটি একক সত্তায় পরিণত হয়। এই একক জাতীয় পরিচয় দেশপ্রেমের অন্যতম ভিত্তি। যে দেশের জাতি গঠনের প্রক্রিয়া যত মজবুত সেই দেশের জনগণ তত বেশি একক সুরে কথা বলবে- যখন রাষ্ট্র কোনো ক্রান্তিকালের মধ্য দিয়ে যায়। আর রাষ্ট্র গঠন মানে হচ্ছে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান তৈরি করা। একটি গণতান্ত্রিক রাষ্ট্রের মূল ভিত্তি হচ্ছে তিনটি অঙ্গ সংস্থা - ১. শাসন বিভাগ, ২. আইন বিভাগ ও ৩. বিচার বিভাগ। এই তিনটি সংস্থাকে দক্ষ, কার্যকর ও জবাবদিহিমূলক করতে আরও অনেক দক্ষ ও কার্যকর রাষ্ট্রীয় প্রতিষ্ঠান দরকার। যেমন- দক্ষ পাবলিক সার্ভিস, স্বাধীন ও নিরপেক্ষ নির্বাচন কমিশন, মজুরি কমিশন, ন্যায়পাল ও মানবাধিকার কমিশন ইত্যাদি। দক্ষ ও কার্যকর রাষ্ট্রীয় প্রতিষ্ঠান গঠনের মাধ্যমে একটি দেশে সুশাসন, জবাবদিহিতা ও আইনের শাসন তৈরি করা সম্ভব হয়।

এ যাবতকালে বাংলাদেশের অধিকাংশ শাসকগণ স্বাধীনতার পর থেকে রাষ্ট্র গঠন প্রক্রিয়াতে কখনই কোনো গুরুত্বই প্রদান করেননি। বাংলাদেশে স্বাধীনতার পর থেকে শাসকগোষ্ঠীর অধিক পরিমাণ দুর্নীতি ও স্বজনপ্রীতির কারণে রাষ্ট্রীয় সমস্ত প্রতিষ্ঠানগুলো একবারেই ভঙ্গুর অবস্থায় বিরাজমান ছিল । অধিকন্তু বিগত স্বৈরসরকার নিজ ক্ষমতাকে কুক্ষিগত করার জন্য রাষ্ট্রীয় প্রতিটি প্রতিষ্ঠানকে সম্পূর্ণরূপে খোঁড়া করে দিয়েছে। এই জাতি পাকিস্তান আমলে ২৪ বছর আন্দোলন করেছে ও রক্ত ঝরিয়েছে গণতান্ত্রিক অধিকারের জন্য। স্বাধীনতার পর ক্রমান্বয়ে আরো অনেকবার রক্ত ঝরিয়েছে সেই গণতান্ত্রিক অধিকারের জন্য এবং আমরা সবাই অবহিত বাংলাদেশে ৯০-এর গণঅভ্যুত্থানের পরে যদিও ভোটের গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছিল কিন্তু যেহেতু সরকারগুলো রাষ্ট্রীয় প্রতিষ্ঠান গড়তে ব্যর্থ হয়, তাই প্রতিটি সরকার তাদের মেয়াদের বাইরে গিয়ে অনৈতিকভাবে ক্ষমতায় টিকে থাকতে চেয়েছিল। সেই ইতিহাস আশা করি জাতি ভুলে যায়নি। অধিকন্তু গত ১৪ বছর ধরে জাতি সম্পূর্ণভাবে হারিয়েছে তাদের ভোটের অধিকার। বিগত সরকার রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো সম্পূর্ণরূপে কুক্ষিগত করে জনগণকে নিষ্পেষিত ও শোষণ করেছে বিভিন্নভাবে।

এখন যদি রাষ্ট্র গঠনের সাথে জাতি গঠনকে বিশ্লেষণ করি, তাহলে দেখা যাবে জাতি গঠন প্রক্রিয়া তুলনামূলকভাবে ভালো অবস্থানে আছে আপাতদৃষ্টিতে; যা স্টুডেন্ট আন্দোলন ২০২৪ ও তার প্রতি অধিকাংশ জনগণের সংযুক্তি দ্বারা যে গণঅভ্যুত্থানের সৃষ্টি হয়েছে; যা শেখ হাসিনার মতো স্বৈরশাসকের পতন ঘটিয়েছে তা দ্বারা প্রতীয়মান হয়। কিন্তু আগেই বলেছি জাতি গঠন প্রক্রিয়া পরিপূর্ণতা পাবে না যদি না রাষ্ট্র গঠন প্রক্রিয়া পরিপূর্ণতা পায়; যার ফলশ্রুতিতে আমরা দেখছি যদিও হাসিনা সরকারের পতন হয়েছে, কিন্তু রাষ্ট্রে ধারাবাহিকভাবে সংখ্যালঘুদের প্রতি সহিংসতা ও নানাবিধ অরাজকতার বিরাজমান রয়েছে।



সদ্যগঠিত অন্তর্বর্তীকালীন সরকারে অন্যতম মূল উদ্দেশ্য হলো দেশের গণতান্ত্রিক অবস্থা ফিরিয়ে আনা। তার জন্য জনগণের প্রতিনিধিত্বমূলক ভোটের ব্যবস্থা করে একটি নির্বাচিত সরকারে কাছে ক্ষমতা হস্তান্তর করা এই সরকারে অন্যতম দায়িত্বকের মধ্যে পড়ে। আমরা ইতোমধ্যে দেখেছি বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) তিন মাসের মধ্যে নির্বাচন আয়োজনে দাবি করেছে নতুন অন্তর্বর্তীকালীন সরকারের কাছে।

এমত অবস্থায় অন্তর্বর্তীকালীন সরকার তাড়াহুড়া করে নিঃসন্দেহে একটি নিরপেক্ষ জাতীয় নির্বাচনের ব্যবস্থা করতে পারেন। যেমন ৯০-এর নির্বাচনের প্রকৃত উদাহরণ হতে পারে; কিন্তু প্রশ্ন হচ্ছে সুসংহত রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ছাড়া সেই নিরপক্ষ নির্বাচন কোনোভাবেই তিনটি অত্যাবশ্যকীয় রাষ্ট্রীয় অঙ্গ সংস্থা তৈরি করতে পারবে না। নেট ফলাফল হবে যে স্বৈরশাসন বাংলাদেশর জনগণ স্বাধীনতার পর থেকে এবং বিশেষত গত ১৪ বছর যাবত যে দুঃশাসনের ফলাফল ভোগ করে আসছে তা বারবার ফিরে আসবে ও আবার ভোগ করবে। তাহলে দেশের ও মানুষের মুক্তি কোথায়?

যে কারণে বাংলাদেশে রাষ্ট্র গঠন প্রক্রিয়া সম্পন্ন হয়নি তার মূল কারণ হচ্ছে দক্ষ, সুচারু, কৌশলী জ্ঞানী, ভিশনারি ও সর্বোপরি দেশপ্রেমিক নেতা-নেতাদের অভাব। নোবেল বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে যে অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হয়েছে তা জাতির জন্য নিশ্চিতভাবে আশার আলো বহন করছে। এযাবতকালে অধ্যাপক ইউনূসের প্রজ্ঞা, দূরতার, ভিশন ও জ্ঞান অভিভূত করেছে দেশে ও বিদেশের অনেককেই । অধ্যাপক ইউনূস ছাড়া অন্যান্য সদস্যরা যারা অন্তর্বর্তীকালীন সরকারের অংশ তারাও নিজ নিজ জায়গায় স্বনামধন্য। এই ব্যক্তিদের মধ্যে অনেকে আছেন যারা তাদের হিতৈষী কর্মের জন্যও সমাদৃত হয়েছেন, বিগত ২০ বছর ও তার অধিক সময় ধরে এই সদ্য গঠিত সরকারের সদস্যদের

এরপর ৩৮ পৃষ্ঠায়



জনগণ নি:সন্দেহে তাদের ওপর আস্থা রাখতে পারেন। কিভাবে নতুন সরকার জাতি গঠন ও রাষ্ট্র গঠনের মধ্যে সমন্বয় করবে ও কতটুকু সফল হবে তা অনেকাংশে নির্ভর করে জনগণের সহযোগিতা, আস্থা ও ধৈর্যের মাধ্যমে। একই সঙ্গে ভীষণভাবে নির্ভর করে কিভাবে নতুন সরকার অধিকাংশ জনগণকে আস্থায় নিয়ে সামনের দিকে এগিয়ে যাবেন। নোবেল বিজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূসের মাধ্যমে বাংলাদেশের জাতি যেমন পৃথিবীর বুকে মাইক্রো ক্রেডিটের জন্য স্বনামধন্য হয়েছেন, তেমনিভাবে আমরা দৃঢ়প্রত্যয়ের সঙ্গে প্রত্যাশা করি তার নেতৃত্বে বাংলাদেশ সামগ্রিকভাবে সমাদৃত হবে পৃথিবীর বুকে। জাতি তার মতো মহান ব্যক্তির হাত ধরে তাদের বহু আকাঙ্ক্ষিত অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক মুক্তির প্রকৃত পথ খুঁজে পাবে

# গণঅভ্যুত্থানের সুফল প্রতিষ্ঠা করতে হবে


শাহাব উদ্দীন

পৃথিবীর কোন দেশেই দিন ক্ষণ দিয়ে বিপ্লব, বিদ্রোহ বা গণ অভ্যুত্থান হয়নি। যা সংঘটিত হয়ে থাকে দেশের স্বৈরাচারী শাসন ব্যবস্থায় নির্যাতীত, নিপীড়িত, নিস্পেষিত মানুষের দীর্ঘদিনের ক্ষোভের বহিঃপ্রকাশ হিসেবে।

গণ অভ্যুত্থান সংগঠিত করতে নেতৃত্ব ও জনগনকে অনেক মূল্য দিতে হয়। কারণ রাষ্ট্রের সর্বোচ্চ ক্ষমতায় অধিষ্ঠিত ফ্যাসিস্ট সরকার তার ক্ষমতাকে কুক্ষিগত করে রাখার জন্য রাষ্ট্রীয় সমস্ত ক্ষমতা জনগণের বিরুদ্ধে ব্যবহার করে। শুধু তাই নয়, নিজের দল, সুবিধাভোগী দালাল, মাস্তান, সবাই সাধারণ মানুষের বিপক্ষে অবস্থান নিয়ে হত্যা, নির্যাতন করে ক্ষমতায় টিকে থাকতে চায়। কিন্তু সবশেষে জনতারই জয় হয়। গন অভ্যুত্থানের মাধ্যমে জনতার রোষানলে শাসকদলের ভাগ্য নির্ধারিত হয়ে যায়। অত্যাচারীদের মৃত্যু বা কারাভোগ করতে হয় নয়ত তারা পলাতক হন। তবে জনতার গন অভ্যুত্থানের বিপক্ষে প্রতি বিপ্লবী বা গণ বিরোধীদের ষড়যন্ত্র ও চক্রান্ত থেমে থাকে না ।

বাংলাদেশ এর বাইরে নয়। মাতৃভূমি বাংলাদেশ নিয়ে দেশ বিদেশে ষড়যন্ত্র ও চক্রান্তকারীরা তাদের উদ্দেশ্য চরিতার্থ করতে মত্ত হয়ে উঠেছে। অন্তর্বর্তী সরকার গঠনের এক সপ্তাহও হয়নি। দেশের আইন শৃঙ্খলা রক্ষার দায়িত্বে থাকা র‍্যাব, পুলিশ বাহিনী সম্পূর্ণ অনুপস্থিত। দেশে কোন প্রশাসন নেই, রাস্তার ট্রাফিক সহ দেশের মানুষের জান মাল অরক্ষিত। সরকার প্রধান গণ অভ্যুত্থানের মুখে পদত্যাগ করে বোনকে নিয়ে ভারতে পালালেন। এই সুযোগে ঘোলাপানিতে মাছ শিকারের জন্য প্রতি বিপ্লবীরা দেশে বিদেশে অত্যন্ত তৎপর। তারা সংখ্যালঘুদের উপর আক্রমণ, স্থাপনা ভাংচুর ইত্যাদি ইস্যুকে সামনে এনে তাদের এজেন্ডা বাস্তবায়ন করতে চায়। যদিও কোন সুস্থ বিবেকসম্পন্ন মানুষ এগুলো সমর্থন করে না। দেশের সর্বস্তরের মানুষ মনেপ্রাণে প্রায় ষোল বছরের স্বৈরশাসনের অবসান চেয়েছিলেন। এই দুঃশাসন থেকে মুক্তির জন্য সারা দেশ বারুদের মতো টগবগ করছিল । আর এই বারুদের গোলায় দেশলাইয়ের কাঠি দিয়ে আগুন ধরিয়ে দিলো কোটা সংস্কার আন্দোলনের সমন্বয় কমিটির ছাত্র সমাজ।

আমরা জানি পৃথিবীর বিভিন্ন দেশে বিপ্লব ও গণ অভ্যুত্থান হয়েছে। বিপ্লবের পর এই বিদ্রোহী জনগোষ্ঠীকে সামাল দেওয়া সহজ হয় যদি বিপ্লবী পার্টি বা গণ অভ্যুত্থানে নেতৃত্বে কোন দল থাকে । নতুবা জনগণের যে কোন ধরনের বিদ্রোহ সামাল দেওয়া মুশকিল। আমেরিকার মতো উন্নত দেশে জর্জ ফ্লয়েড হত্যার পর 'ব্লাক লাইভ ম্যাটার' আন্দোলন সারা দেশেই শুধু নয়, সারা বিশ্বে ছড়িয়ে পড়েছিল। সে সময় নিউইয়র্ক সহ আমেরিকার বিভিন্ন জায়গায় পুলিশ বাহিনী এবং এত শক্ত প্রশাসন থাকা সত্ত্বেও দেশে দোকান পাট সহ অনেক কিছু লুটপাট হয়েছে। এ রকম বহু ইতিহাস আমাদের জানা। বাংলাদেশের ছাত্র সমাজের পক্ষ থেকে ইস্যু ভিত্তিক আন্দোলনের মাধ্যমে গণ অভ্যুত্থান হয়েছে। সেই আন্দোলনের সামনে নেতৃত্বে কোন রাজনৈতিক দল বা সামাজিক, সাংস্কৃতিক সংগঠন সেভাবে ছিল না। যে ভাবে মুক্তিযুদ্ধ অথবা নব্বইয়ের গণ অভ্যুত্থানের পর মানুষের সামাজিক নিরাপত্তা দেওয়া সম্ভব হয়েছিলো। কারণ সে সময় অভ্যুত্থান পরবর্তীকালে সরকারের রূপরেখা সহ সবকিছুই নেতৃবৃন্দ এবং জনগণের কাছে পরিষ্কার ছিল। কিন্তু এই আন্দোলনে সেটা ছিল না। আন্দোলনের উত্তাপের সাথে তাদের বক্তব্য সময়োপযোগী করে পরিবর্তিত হয়েছে। ইস্যু ভিত্তিতে আন্দোলন এক দফায় রূপান্তরিত হয়ে গণ অভ্যুত্থানে পরিণত হয়েছে। এই অবস্থায় গণ অভ্যুত্থানের পর রাষ্ট্রীয় অবকাঠামো সম্পুর্ন ভেঙ্গে পড়েছিলো। রাষ্ট্র ও জনগন ছিল সম্পুর্ন অরক্ষিত। সেই সুযোগে কিছু সংখ্যক সুসংগঠিত শক্তি পরিকল্পিতভাবে মুক্তিযুদ্ধ যাদুঘর, বঙ্গবন্ধু, শিল্পী জয়নুল আবেদীন, বীর শ্রেষ্ঠ, সংখ্যালঘু সম্প্রদায়ের উপাসনালয়, বাড়িঘর সহ দেশের অনেক স্থাপনা ভাঙচুর করেছে। অনেকে এই তান্ডবকে মানুষের ক্ষোভের বহিঃপ্রকাশ বলে চালিয়ে দেওয়ার চেষ্টা করছেন। তা মুক্তিযুদ্ধের চেতনা এবং পরিবর্তনের পক্ষের সচেতন মহল কোন অবস্থায় মেনে নেবে না। এগুলো করার মধ্যে দিয়ে দীর্ঘ পনেরো বছরের মানুষের ত্যাগ-তিতিক্ষা আত্মবলিদানকে কালিমা লিপ্ত ও কিছুটা হলেও বিতর্কিত করে ফেলেছে। যা কোন অবস্থাতেই কাম্য নয়। মনে রাখতে হবে মুসলিম, হিন্দু বৌদ্ধ, খ্রীষ্টান সকল ধর্মের মানুষের রক্তে গড়া অসাম্প্রদায়িক স্বাধীন বাংলাদেশ।



এই চেতনাকে উর্ধ্বে রেখেই দেশ গড়তে হবে। আবার অতি উৎসাহী অনেকে বলেন, ৫ই আগষ্ট ২০২৪ দেশ আবার স্বাধীন হয়েছে। এই কথাগুলো সম্পূর্ণ ভুল ও বিভ্রান্তিকর। বাংলাদেশ একবারই ১৯৭১ সালে স্বাধীন হয়েছে। এই স্বাধীনতাকে বিপন্ন করার জন্য অতীতের মতো আমাদের ঘরে ডাকাত ঢুকেছিলো। বাড়ির মালিক বা দেশের জনগণের তাড়া খেয়ে ডাকাত পালিয়েছে। এখন বাড়ির মালিককে সুন্দরভাবে নিজের ঘর ভবিষ্যত প্রজন্মের জন্য সাজাতে হবে। এই সাধারণ হিসাবে যদি আমারা ভুল করি, তবে জাতি হিসাবে আমরা পিছিয়ে যাবো, এবং ভবিষ্যতে অনেক খেসারত দিতে হবে । জনগণের বিপক্ষের শক্তি দীর্ঘদিনের ক্ষমতার মসনদ হারিয়ে বিদেশি অশুভ শক্তির সহায়তায় ষড়যন্ত্র ও চক্রান্ত শুরু করেছে। যা ইতিমধ্যেই মানুষের কাছে পরিষ্কার। শেখ হাসিনা ভারতে বসে আছেন। পরবর্তী বসবাসের জন্য স্থান ঠিক করার চিন্তায় আছেন। খবরে প্রকাশ আমেরিকা তার ভিসা বাতিল করেছে। বৃটেন সহ অন্য কয়েকটি দেশে যাওয়ার অনুমতিও পাননি। সুতরাং তিনি আপাতত ভারতেই থাকবেন। কিন্তু তিনি বসে নেই। অঘোষিতভাবে দলের মুখপাত্র হিসাবে ছেলে সজীব ওয়াজেদ জয় কথা বলছেন। রক্তের উত্তরাধিকার হিসাবে তিনি

এরপর ১৬ পৃষ্ঠায়




এখন অন্তর্বর্তী সরকারের মাধ্যমে দেশের সাংবিধানিক, প্রশাসনিক এবং রাষ্ট্রীয় সমস্ত জঞ্জাল পরিষ্কার করতে হবে। বিগত সরকারের আমলের সকল হত্যা, গুম-খুনের বিচার এবং সকল দুর্নীতিবাজ মাফিয়া শিল্পগোষ্ঠী, কালো টাকার মালিক, শেয়ার বাজার ও ব্যাংক লুটেরাদের বিদেশে পাচার করা অর্থ ফেরত, তাদের গ্রেফতার ও সম্পত্তি বাজেয়াপ্ত করতে হবে। দেশে শান্তি শৃংখলা ফিরিয়ে এনে ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে হবে । গণ অভ্যুত্থানের পর দেশের বিভিন্ন জায়গায় সংখ্যালঘুদের উপর আক্রমণ, উপাসনালয়ে হামলা, স্থাপনা ভাংচুরসহ সমস্ত অরাজকতার বিচার ও ক্ষতি পূরণ দিতে হবে। আমার দৃঢ় বিশ্বাস বাঙালী জাতি পথ হারাবে না

# উপদেষ্টাদের উচিত প্রধান উপদেষ্টাকে চাপমুক্ত রাখা

এম আবদুল্লাহ

সৎ ও সাহসী মানবাধিকার ব্যক্তিত্ব আদিলুর রহমান খানকে আরও গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ে কাজে লাগানো যেতে পারে। ফরিদা আখতারও কর্মজীবনে অত্যন্ত সফল ও দক্ষ হিসাবে সুপরিচিত। তাকেও আরও কার্যকর ভূমিকায় রাখা যেতে পারে। বৈষম্যবিরোধী ছাত্রসমাজের প্রতিনিধি হিসাবে যে দুজন উপদেষ্টার দায়িত্ব পেয়েছেন, তারা তারুণ্যের শক্তির সঙ্গে দ্রুত প্রশাসনিক অভিজ্ঞতার ঝুলি ভারী করতে সচেষ্টা হবেন আশা করি। সর্বোপরি মনে রাখা দরকার, ড. ইউনূস কিংবা তার পরিষদের সদস্যরা মানুষ। ভিন্নগ্রহে জন্মাননি। তাদের কাছে সুপারম্যানের মতো কাল্পনিক অতিমানবীয় ক্ষমতা প্রত্যাশা করলে তা হবে ভুল। সময় দিতে হবে। তাদের সদিচ্ছাকে সম্মান করে সহযোগিতা ও উৎসাহ দিয়ে যেতে হবে। তবেই স্বপ্নের নতুন বাংলাদেশের পথে এগিয়ে যাওয়া সম্ভব হবে

অভূতপূর্ব এক গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে স্বৈরশাসন থেকে মুক্ত হয়েছে দেশ। জাতির ঘাড় থেকে জগদ্দল পাথর অপসৃত হয়েছে। তারুণ্যের দুর্দান্ত শক্তির সঙ্গে দেশপ্রেমিক সেনাবাহিনীর সমর্থন ও সহযোগিতায় দেড় দশক পর মুক্ত বাংলাদেশের সর্বস্তরে এখন পালাবদলের হাওয়া বইছে। শান্তিতে নোবেলজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার দায়িত্ব গ্রহণের পর এক সপ্তাহ অতিক্রান্ত হলো এরই মধ্যে। প্রচণ্ড চাপের মধ্য দিয়ে দিন গুজরান করতে হচ্ছে অরাজনৈতিক সরকারকে।



৮ আগস্ট ড. ইউনূসকে প্রধান উপদেষ্টা করে ১৭ সদস্যের যে অন্তর্বর্তীকালীন সরকার গঠন করা হয়েছে, তাদের দপ্তর বণ্টন করা হয় পরদিন। প্রথমে ২৭টি মন্ত্রণালয় ছিল প্রধান উপদেষ্টার হাতে। পরে শপথ গ্রহণকারী তিন উপদেষ্টার দপ্তর বণ্টনের পর এখন ২৪টি মন্ত্রণালয় দেখভাল করতে হচ্ছে প্রধান উপদেষ্টাকে। এর মধ্যে রয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ, প্রতিরক্ষা, শিক্ষা, সড়ক ও সেতু, কৃষি, জনপ্রশাসন, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ, তথ্য ও সম্প্রচারসহ গুরুত্বপূর্ণ সব মন্ত্রণালয় ও বিভাগ। বাকি ১৬ জনের মধ্যে অন্যান্য মন্ত্রণালয় বণ্টন করা হয়েছে। বস্তুত নতুন সরকারের মূল চ্যালেঞ্জ মোকাবিলা করতে হচ্ছে স্বয়ং প্রধান উপদেষ্টাকে। একজন মানুষের পক্ষে ২৪টি মন্ত্রণালয় সামলানো শুধু কঠিন নয়, রীতিমতো অসম্ভব।

অন্তর্বর্তী সরকারে উপদেষ্টার সংখ্যা আরও বাড়ানো হবে কি না, তা এখনো স্পষ্ট নয়। ২০০৭ সালের আগে সাংবিধানিক তত্ত্বাবধায়ক সরকারগুলোর কাজ ছিল শুধু একটি নির্বাচন পরিচালনা করা। তারা রুটিন কাজ ছাড়া কোনো নীতিনির্ধারণী সিদ্ধান্ত নিতেন না। ফলে সেখানে উপদেষ্টা পরিষদের সদস্যসংখ্যা কম থাকলেও সমস্যা হয়নি। কিন্তু বর্তমান সরকার বিগত ষোলো বছরের স্বৈরশাসনে ভেঙে পড়া রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, সাংবিধানিক প্রতিষ্ঠানসহ গোটা রাষ্ট্রব্যবস্থার আমূল সংস্কারের প্রতিশ্রুতি দিয়ে দায়িত্ব গ্রহণ করেছে। ফলে তাদের কর্মপরিধি ব্যাপক। বহুমাত্রিক চ্যালেঞ্জ মোকাবিলা করেই তাদের অগ্রসর হতে হবে।

গণবিক্ষোভে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের পক্ষ থেকে এ সরকারের প্রতি চ্যালেঞ্জ আসছে এবং আসবে সবচেয়ে বেশি। এক সপ্তাহের মধ্যেই এমন চ্যালেঞ্জের মুখে পড়তে হয়েছে। পুলিশে বিদ্রোহ সৃষ্টির অপচেষ্টা, জুডিশিয়াল ক্যু করার পাঁয়তারা, রাতে ডাকাত নামিয়ে ও গুজব ছড়িয়ে আইনশৃঙ্খলার অবনতি ঘটানোর চেষ্টা, সংখ্যালঘু নির্যাতনের ভোঁতা কার্ড ব্যবহার এবং ১৫ আগস্টে মাঠ দখলের ঘোষণা দিয়ে একধরনের শঙ্কার মধ্যে ফেলা হয়েছিল। অবশ্য রাজনৈতিক দল ও ছাত্রদের সহযোগিতায় তা বেশ ভালোভাবেই মোকাবিলা করা গেছে।



পতিত আওয়ামী লীগ ছাড়াও ক্ষমতাপ্রত্যাশী বিএনপি, জামায়াতসহ ১৫ বছর ক্ষমতার বাইরে থাকা রাজনৈতিক শক্তিও একটি নির্দিষ্ট সময় পর চাপ বাড়াবে। মাস ছয়েক পর বর্তমান সরকারের ক্ষমতা প্রলম্বিত করাকে যে তারা চ্যালেঞ্জ করবে না, তা নিশ্চিত করে বলা যাবে না। সর্বোপরি যে ছাত্র ও তারুণ্যের শক্তিতে ভর করে ড. মুহাম্মদ ইউনূসের সরকার আকাশছোঁয়া প্রত্যাশার জন্ম দিয়েছে, তা তাদের পূরণ করতে হবে।

আমরা জানি, 'সুপারম্যান' একটি কাল্পনিক কমিক চরিত্র। এর নির্মাতা ১৯৩২ সালে আমেরিকান লেখক জেরি সিগাল এবং জোই শাস্টার। অবশ্য পরে তারা ডিটেকটিভ কমিকসের কাছে ১৯৩৮ সালে স্বত্ব বিক্রি করে দেন। চরিত্রটি প্রথম প্রকাশিত হয় ১৯৩৮ সালের জুনে অ্যাকশন কমিকসের প্রথম সংখ্যায়। পরবর্তীকালে নানা রেডিও চ্যানেল, টেলিভিশন সিরিয়াল, চলচ্চিত্র, সংবাদপত্রের স্ট্রিপ বা ভিডিও গেমে এর বহুল ব্যবহার দেখা যায়। সুপারম্যান তার ব্যাপক সাফল্যের মাধ্যমে সুপারহিরো সিরিজের এক নতুন ধারা চালু করে।

কমিকটির কাহিনি অনুযায়ী, সুপারম্যান ক্রিপটন গ্রহে জন্মগ্রহণ করে। সে সময় তার নাম ছিল ক্যাল-এল। ক্রিপটন ধ্বংস হওয়ার আগমুহূর্তে তার বাবা তাকে পৃথিবীতে পাঠিয়ে দেয়। আমেরিকার ক্যানসাস শহরের এক কৃষক ও তার স্ত্রী তাকে খুঁজে পায়। সেখানে সে ক্লার্ক কেন্ট নামে বড় হতে থাকে। ছোটবেলা থেকেই তার নানা অতিমানবীয় ক্ষমতা দেখা যায় এবং বড় হওয়ার সঙ্গে সঙ্গে সে এ ক্ষমতা দিয়ে মানুষের উপকার করতে থাকে। এ কমিক চরিত্রটি দেখে অনেক তরুণ-যুবক নিজেকে সুপারম্যান ভাবতে চায়। শিশু-কিশোরদের মধ্যেও সুপারম্যানের মতো অতিমানবীয় ক্ষমতার প্রত্যাশা জন্ম নিতে দেখা যায়।

সপ্তাহকাল ধরে ড. ইউনূস সরকারের কাছে বাংলাদেশের নানা শ্রেণি-পেশার মানুষের প্রত্যাশার বহর দেখে মনে হচ্ছে-তারা তাকে সুপারম্যানের মতো অতিমানবীয় ক্ষমতাধর দেখতে চাইছেন। দায়িত্ব নেওয়ার পর দম নিতে পারছেন না তিনি। দেড় দশকের অপশাসন, দুঃশাসন, নিপীড়ন, নির্যাতন, বঞ্চনার প্রতিকার মনে হচ্ছে দেড় সপ্তাহের মধ্যেই করে ফেলতে হবে। প্রশাসনের কেন্দ্রবিন্দু সচিবালয়ে বিক্ষোভ করছেন পদোন্নতি ও প্রাপ্য পোস্টিংবঞ্চিতরা। আনসার বাহিনীর সদস্যরা বিক্ষোভে নেমে গেলেন হাইকোর্টের গেটে। পতিত সরকারের সময়ে সবচেয়ে সুবিধাভোগী হিসাবে পরিচিতি পাওয়া পুলিশবাহিনীরও দাবিদাওয়ার বহর এক-দুটি নয়-১১টি।

দাবি ও প্রত্যাশার ফর্দ নিয়ে যাচ্ছে রাজনৈতিক দলগুলোও। দেশের অর্থনীতি বিপর্যস্ত ও ভঙ্গুর। মূল্যস্ফীতি দেড় যুগে সর্বোচ্চ। জ্বালানি খাত তো বর্তমান সরকারের জন্য কঠিন চ্যালেঞ্জ হিসাবে সামনে রয়েছে। সর্বস্তরে দলীয়করণের কারণে কাজের পরিবর্তে সরকারের

এরপর ১৬ পৃষ্ঠায়

# বাংলা ট্রাভেলস ওমরাহ হজ্ব কাফেলা



## ওমরাহ প্যাকেজ

আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত






পবিত্র মক্কায় তাওয়াফ করার পূর্ব মুহূর্তে



পবিত্র মক্কায় তাওয়াফরত অবস্থায়

## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

### সামার সেল চলছে

বাংলাদেশ থেকে আসার টিকেট কম দামে আমাদের কাছেই পাবেন




**প্যাকেজ বিবরণ**

বিমান ভাড়া ও হোটেল।
ভিসা, মোয়াল্লেম।
জেদ্দা এয়ারপোর্ট থেকে পিকআপ এবং ড্রপ।
মক্কা ও মদিনায় জিয়ারা।
মক্কা ও মদিনায় যাতায়াত।
৫/৩ ষ্টার হোটেল।

DELTA AIR LINES
American Airlines
Biman Bangladesh Airlines
Kuwait Airways
Emirates
Etihad Airways
Qatar Airways

★ আমরা ১০ মিনিটে সৌদি ভিসা প্রসেস করি
★ ১২ ঘন্টায় ওমরাহ ভিসা প্রসেস করি



Mohammad B Hossain (Belal)
President & CEO

আমাদের কাছে পাবেন গ্রুপ ওমরাহ প্যাকেজ, একক ওমরাহ প্যাকেজ ও কাষ্টম প্যাকেজ

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 10AM-10PM *Terms & Condition may apply. See store for details.

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

Moin Choudhury, Esq

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved

# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# SmartTech
IT Solutions Inc.

**We built your dream job in (IT)**

স্বপ্নের আমেরিকায় আই টি (IT) তে ক্যারিয়ার গড়তে Smart Tech এর সাথে যুক্ত থাকুন

salesforce

Learn Salesforce Without Coding

BECOME salesforce CERTIFIED ADMINISTRATOR & GET JOB WORLDWIDE

- Configuration & Setup
- Sales & Marketing Applications
- Data & Analysis Management
- Workflow & Process Automation

SALESFORCE ADMINISTRATOR

**Earn Yearly : 80K - 120K**

## Learn QA Test Engineer

SDET
MANUAL &
AUTOMATION QA
JAVA
Selenium
SQL
API Testing...

আমাদের সেবা সমূহঃ
- সহজ ভাবে পড়ানো হয়
- রিজুমি প্রস্তুতি
- ইন্টারভিউ সাপোর্ট
- আফটার জব সাপোর্ট
- ইনপারসন এবং অনলাইন ক্লাস

**Ph: (917) 293-5724**
Email: smarttechemployee@gmail.com
www.smarttechitsolution.com
37-21 75 Street (3rd Floor) Jackson Heights, NY 11372



# হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ
B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

## Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা


NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025


NY CAR & LIMO
SERVICES INC
NY
CAR & LIMO
SERVICES INC
BO2902
BLACK & GREEN CAR BASE
718 727 4444


BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730


DMV EXPRESS
NEW YORK
ABC-1234
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# US State Department approves $20 billion potential weapons sales to Israel

Ajkal Desk



